শানিবি সার্কুলার নং-০৬/২০২০ তারিখ: ২২.০৯.২০২০

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" নামীয় নতুন স্কিম চালু প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

ব্যাংক ব্যবসা পরিচালনার প্রধান চালিকা শক্তি (Lifeblood) আমানত। ব্যাংকের ব্যবসা বৃদ্ধির ক্ষেত্রে আমানত সংগ্রহের কোনো বিকল্প নেই। ব্যাংকের তারল্য সংকট নিরসনসহ আর্থিক অবস্থা সুসংহত করার লক্ষ্যে সমাজের সর্বস্তরের জনগণের বিশেষ করে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ও স্বল্প আয়ের পেশাজীবি/চাকুরীজীবি কর্তৃক মাসিক কিস্তিতে সাধ্যানুযায়ী সঞ্চয়ের মাধ্যমে তাদের ভবিষ্যতের আর্থিক নিশ্চয়তা ও কল্যাণের লক্ষ্যে মুজিববর্ষে এ ব্যাংকে প্রচলিত স্কিমসমূহে বিদ্যমান সুবিধা একীভূত করে বিভিন্ন মেয়াদে সম্পূর্ণ নতুন আঙ্গিকে **"রাকাব ডিপোজিট স্কিম (RDS)"** নামে একটি বিশেষ আমানত স্কীম পরিচালনা পর্ষদের ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৫১৯ তম সভায় অনুমোদিত হয়।

০২। **এ আমানত স্কীমের রূপরেখা হবে নিম্নরূপ:**

(১) স্কীমের নাম	: **"রাকাব ডিপোজিট স্কিম (RDS)"**
(২) স্কীমের মেয়াদকাল	: ০৩ (তিন), ০৫ (পাঁচ), ০৭ (সাত) ও ১০ (দশ) বছর।
(৩) হিসাবে মাসিক জমার পরিমাণ	: ৫০০/-, ১০০০/- ও ১০০০/- টাকার গুণিতক।
(৩) সুদ হার	: বার্ষিক ৬% (চক্রবৃদ্ধি)।

০৩। **উদ্দেশ্য:** সাধারণ মানুষকে সঞ্চয়ে উৎসাহিত করার লক্ষ্যে ভবিষ্যত আর্থিক নিশ্চয়তা ও কল্যাণ সাধনের মাধ্যমে ব্যাংকের আমানত বৃদ্ধি।

০৪। **"রাকাব ডিপোজিট স্কিম (RDS)" হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত নিয়মাবলীঃ**

ক. প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে/যৌথ নামে এ স্কীমের আওতায় ব্যাংকের নির্ধারিত অভিন্ন হিসাব খোলার ফরমের মাধ্যমে মাসের যে কোন কর্মদিবসে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যে কোন শাখায় একই ব্যক্তির নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন;

খ. হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর যথাযথ/পূর্ণাঙ্গ পরিচিতি প্রদানের জন্য জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদ/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি প্রদান করতে হবে;

গ. গ্রাহকের যদি টিআইএন সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় টিআইএন সার্টিফিকেট জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

ঘ. হিসাব খোলার ফরমে মেয়াদকাল ও মাসিক জমার পরিমাণ (অংকে ও কথায়) স্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে; কোন রূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;

ঙ. অভিভাবকের সাথে ১৮ বছরের কম বয়সী শিশু/কিশোর এ হিসাব খুলতে পারবেন;

চ. গঠনতন্ত্র (Bye-law), সংঘ স্মারক (Articles of Association) এবং পরিচালনা কমিটির সিদ্ধান্তক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামেও এই হিসাব খোলা যাবে;

ছ. হিসাব খোলার সময় গ্রাহককে পৃথক একটি কার্ডে নমুনা স্বাক্ষর প্রদান করতে হবে;

জ. ব্যক্তি নামে কোনভাবেই নমিনিবিহীন হিসাব খোলা যাবে না।

ক্রমশ: পাতা-০২

০৫। জমা:

ক. এই স্কিমের আওতায় খোলা হিসাবের বিপরীতে আমানতকারী প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে মাসিক কিস্তির টাকা জমা করবেন;

খ. হিসাব যে তারিখেই খোলা হোক না কেন পরবর্তী মাসের ০১ হতে ১৫ তারিখের মধ্যে নিয়মিত টাকা স্থানান্তর অথবা জমা করতে হবে। মাসের ১৫ (পনের) তারিখ সাপ্তাহিক অথবা সরকারি ছুটির দিন হলে পরবর্তী কার্যদিবসে কিস্তির অর্থ জমা করা যাবে;

গ. আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সেই হিসাব হতে উক্ত স্কিমের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন। তবে, এই ক্ষেত্রে আমানতকারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে এবং স্থায়ী নির্দেশের আলোকে ব্যাংকের অতিরিক্ত কাজের সার্ভিস চার্জ বাবদ প্রতিটি লেনদেন/স্থানান্তরের জন্য ১০ (দশ) টাকা হারে কমিশন বাবদ সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাব হতে আদায়যোগ্য হবে;

ঘ. চেকের মাধ্যমেও কিস্তির টাকা জমা করা যাবে। এই ক্ষেত্রেও সংশ্লিষ্ট মাসের ০১ হতে ১৫ তারিখের মধ্যে কিস্তির টাকা জমা হতে হবে। স্থিতি স্বল্পতার কারণে জমাকৃত চেকের টাকা পরিশোধিত না হলে সংশ্লিষ্ট মাসের কিস্তি খেলাপী হিসেবে গণ্য হবে;

ঙ. গ্রাহক ও ব্যাংকের মধ্যে সমঝোতার ভিত্তিতে এই স্কিমের আওতায় অগ্রিম কিস্তি দেওয়া যাবে। কিন্তু জমাদানকৃত অগ্রিম কিস্তির উপর সুদ প্রদান করা হবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য হবে সে মাস হতে সুদ প্রদান করা হবে;

চ. নগদ জমার ক্ষেত্রে এ স্কিমের জন্য নির্দিষ্ট জমা স্লিপ ব্যবহার করতে হবে।

০৬। সুদহার (নিয়মিত হিসাবের ক্ষেত্রে):

ক. ৬% (চক্রবৃদ্ধি) হারে বার্ষিক হিসাব সমাপনীর তারিখে সুদ হিসাবভূক্ত করতে হবে।

০৭। নমিনি মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলী:

ক. আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে তাঁর হিসাবের নমিনি নিযুক্ত করতে পারবেন। একাধিক নমিনি হলে নমিনির অংশও তিনি নির্ধারণ করতে পারবেন/করে দিবেন। নমিনি/নমিনিগণের পাসপোর্ট সাইজের ছবি আমানতকারী কর্তৃক সত্যায়িত হতে হবে;

খ. নাবালক বা নাবালিকাকেও নমিনি নিয়োগ করা যাবে। এই ক্ষেত্রে নাবলক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যুর পর আমানতের অর্থ কে গ্রহণ করতে পারবেন তদসম্পর্কে তিনি লিখিতভাবে নির্দেশ প্রদান করতে পারবেন। অন্যথায় দেশের প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে;

গ. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার মনোনয়ন বাতিল করে নতুন নমিনি মনোনয়ন করতে পারবেন;

ঘ. আমানতকারীর জীবদ্দশায় মনোনীত ব্যক্তির মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল হিসেবে গণ্য হবে। সেই ক্ষেত্রে আমানতকারী পুনরায় নতুন নমিনি মনোনীত করবেন;

ঙ. কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনি/নমিনিগণ হিসাবের অর্থ হিস্যা অনুযায়ী প্রাপ্য হবেন। এই ক্ষেত্রে Succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন হবে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে;

চ. আমানতকারীর মৃত্যু হলে নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

১. নমিনি/নমিনিদের/মনোনীত অভিভাবক এর আবেদনপত্র;

২. আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র;

৩. শাখার দুইজন ভাল হিসাবধারী বা দুইজন গেজেটেড অফিসার বা ব্যাংকের দুইজন অফিসার বা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/কমিশনার কর্তৃক নমিনি/নমিনিবৃন্দের বা নাবালকসহ (যদি থাকে) মনোনীত অভিভাবকের সনাক্তকরণ পত্র;

৪. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৫. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবক কর্তৃক শাখার একজন ভাল হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড।

০৮। মেয়াদপূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক অথবা স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধকরণ ও পুনঃবৈধকরণ:

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় লিখিত আবেদনের প্রেক্ষিতে হিসাব বন্ধ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে হিসাবের বিপরীতে নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করতে হবে:

ক. হিসাব খোলার ০১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক কোন সুদ/মুনাফা প্রাপ্য হবেন না। শুধুমাত্র জমাকৃত মূল হিসাবের অর্থ ফেরত পাবেন তবে সরকারি বিধি মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে;

খ. হিসাবের মেয়াদ ০১ (এক) বছরের অধিক কিন্তু নূন্যতম ০৩ (তিন) বছর পূর্ণ হয়নি সে ক্ষেত্রে গ্রাহক সঞ্চয়ী হিসাবে প্রদত্ত হারে (সরল সুদে) সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। আবার হিসাবের মেয়াদ ০১ (এক) বছরের অধিক কিন্তু পূর্ণ মেয়াদ হয়নি সেক্ষেত্রে গ্রাহক পূর্ববর্তী মেয়াদের ধাপ অনুযায়ী সুদসহ টাকা প্রাপ্য হবেন এবং পরবর্তী অতিরিক্ত জমাকৃত অর্থের উপর প্রচলিত সঞ্চয়ী সুদ হারে টাকা প্রাপ্য হবেন;

ক্রমশ: পাতা-০৩

গ. হিসাব খোলার পর কোন মাসের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক কর্তৃক জমা দান করা না হলে পরবর্তী মাসের ০১ তারিখ হতে ১৫ তারিখের মধ্যে উপযুক্ত কারণ দর্শানোসহ তা জমা করার জন্য লিখিতভাবে আবেদন করে মাসিক ২% চক্রবৃদ্ধি হারে ন্যূনতম ১০ (দশ) টাকা জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে;

ঘ. স্কিমের মেয়াদ ভিন্ন ভিন্ন হওয়ায় স্কিমের মেয়াদ অনুযায়ী একাধারে বা আলাদা আলাদাভাবে যত বছরের স্কিম সর্বোচ্চ ততটি কিস্তি খেলাপ করে গ্রাহক হিসাব পুন:বৈধ করার সুবিধা পাবেন অর্থাৎ ৩ বছরের জন্য ৩টি, ৫ বছরের জন্য ৫টি, ৭ বছরের জন্য ৭টি এবং ১০ বছরের জন্য ১০টি কিস্তি খেলাপ করে ২% চক্রবৃদ্ধি হারে জরিমানাসহ খেলাপি কিস্তি জমা করে হিসাব বৈধ করা যাবে তবে এর অতিরিক্ত কিস্তি খেলাপ করলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে;

ঙ. মেয়াদান্তে হিসাবায়নের সময় যদি দেখা যায় শুরু থেকে মেয়াদ পূর্তি পর্যন্ত কোনো একটি মাসের কিস্তি আদৌ জমা হয়নি সে ক্ষেত্রে খেলাপের তারিখ হতে মেয়াদপূর্তি পর্যন্ত ২% মাসিক চক্রবৃদ্ধি হারে সুদসহ কিস্তির অর্থ আদায়পূর্বক প্রাপ্য পূর্ণ অর্থ প্রদান করা যাবে। এই সুবিধা ৭(ঘ) ক্রমিকের অতিরিক্ত সুবিধা হিসেবে গণ্য হবে।

০৯। মেয়াদ পূর্তির পর টাকা পরিশোধের পদ্ধতি:

ক. হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে;

খ. প্রতিটি হিসাবে বাৎসরিক (Fiscal Year) চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে;

গ. ব্যাংকের প্রচলিত নিয়মে সুদ প্রদান এবং সরকারি উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনপূর্বক গ্রাহককে তাঁর প্রাপ্য টাকা প্রদান করতে হবে;

ঘ. হিসাবটি চেকবিহীন হবে এবং মেয়াদপূর্তিতে গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ হিসাবের টাকা সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে;

ঙ. মেয়াদ পূর্তির পর হিসাব খোলার তারিখের পরবর্তী কর্মদিবসে প্রাপ্য অর্থ প্রদেয় হবে;

চ. সরকারি উৎসে কর ও আবগারি শুল্ক কর্তন ব্যতীত মেয়াদান্তে আসল ও সুদসহ জমা টাকার পরিমাণ নিম্নরূপ:

মাসিক কিস্তির পরিমাণ	০৩ (তিন) বছর মেয়াদান্তে আসল ও সুদসহ জমা টাকার পরিমাণ	০৫ (পাঁচ) বছর মেয়াদান্তে আসল ও সুদসহ জমা টাকার পরিমাণ	০৭ (সাত) বছর মেয়াদান্তে আসল ও সুদসহ জমা টাকার পরিমাণ	১০ (দশ) বছর মেয়াদান্তে আসল ও সুদসহ জমা টাকার পরিমাণ
৫০০/- টাকা	১৯,৯০৮/-	৩৫,৬১০/-	৫৩,৫৮৯	৮৫,৫৫৬/-
১০০০/- টাকা	৩৯,২৯২/-	৭০,২৮৫/-	১,০৫,৭৬৯/-	১,৬৮,৮৬৩/-
১০০০/- টাকা এর গুণিতক	১০০০/- টাকা হারে আসল ও সুদসহ জমা টাকার গুণিতক।			

* সরকারি বিধি মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য হবে।

* সরকারি সিদ্ধান্ত মোতাবেক উৎসে কর ও আবগারি শুল্কের হার পরিবর্তিত হলে মেয়াদ শেষে প্রদানযোগ্য টাকার পরিমাণ কম/বেশি হতে পারে।

ছ. **বিশেষ সুবিধা :**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে যদি কোন গ্রাহক/আমানতকারী শুরু থেকে মেয়াদপূর্তি পর্যন্ত কোন কিস্তি খেলাপ না করে তবে উক্ত গ্রাহক/আমানতকারীকে বিশেষ বোনাস প্রদান করা হবে। বোনাস প্রদান সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপ:

- ০৩ (তিন) ও ০৫ (পাঁচ) বছর মেয়াদী আমানতের ক্ষেত্রে অতিরিক্ত ২টি কিস্তির সমপরিমাণ টাকা;
- ০৭ (সাত) ও ১০ (দশ)বছর মেয়াদী আমানতের ক্ষেত্রে অতিরিক্ত ৩টি কিস্তির সমপরিমাণ টাকা;
- কিস্তির পরিমাণ যতই হউক না কেন প্রদত্ত বোনাস ২০,০০০/- (বিশ হাজার) টাকার উর্ধ্বে হবে না;
- বোনাস প্রদানের ক্ষেত্রে "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" এর সুদ খাত ডেবিট করে সংশ্লিষ্ট আমানত হিসাব ক্রেডিট করতে হবে;
- সকল ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে।

১০। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

আপদকালীন সময়রে জন্য সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবের স্থিতি লিয়েন রেখে শুধুমাত্র হিসাবধারীর অনুকূলে এককালীন/SOD আকারে ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে-

ক. হিসাবের মেয়াদ কমপক্ষে ০১ (এক) বছর পূর্ণ হতে হবে;

খ. হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ প্রদান করা যাবে;

গ. ঋণের মেয়াদকাল: সর্বোচ্চ ০১ (এক) বছর (নবায়নযোগ্য);

ঘ. ঋণের উদ্দেশ্য: উৎপাদনমুখী কর্মকান্ডে/ব্যক্তিগত প্রয়োজনে এই ঋণ প্রদান করা যাবে;

ঙ. ঋণ বিতরণ পদ্ধতি: মঞ্জুরীকৃত ঋণ এককালীন বিতরণযোগ্য;

চ. ঋণ প্রাপ্তির যোগ্যতা: শুধুমাত্র চালু এবং হালনাগাদ কিস্তি পরিশোধিত হিসাবের ক্ষেত্রে এই ধরণের ঋণ মঞ্জুর করা যাবে;

ছ. মঞ্জুরী ক্ষমতা: শাখা ব্যবস্থাপক;

জ. সুদের হার: হিসাবের মুনাফার হারের ৩% অধিক (সুদ হার পরিবর্তনযোগ্য); সুদ ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে আরোপযোগ্য ;

ঝ. পরিশোধ পদ্ধতি: বিতরণের তারিখ থেকে ০১ (এক) বছরের মধ্যে সুদসহ মাসিক কিস্তিতে/এককালীন পরিশোধযোগ্য অথবা সুদ পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র মূল ঋণ নবায়নযোগ্য। এক্ষেত্রে অবশ্যই হিসাবটির জমা হালনাগাদ থাকতে হবে;

ক্রমশ: পাতা-০৪

ঞ. দলিল পত্রাদি সম্পাদন:

১. আবেদন ফরম;
২. ডিমান্ড প্রমিসরি (DP) নোট;
৩. লেটার অব লিয়েন কাম অথরিটি (৩০০/- টাকার আঠালো স্ট্যাম্পে);
৪. লেটার অব ডিসবার্সমেন্ট;

❖ **হিসাবটির জমা হালনাগাদ থাকা সাপেক্ষে শুধুমাত্র সুদের টাকা নিয়ে মূল ঋণ নবায়নের ক্ষেত্রে অতিরিক্ত নিম্নোক্ত ০২ (দুই) টি দলিল সম্পাদন করতে হবে:**

১. লেটার অব কন্টিনিউটি (DP নোট স্ট্যাম্পের হারে);
২. রিভাইবাল লেটার (DP নোট স্ট্যাম্পের হারে)।

১১। বিশেষ নির্দেশাবলী:

ক. এই হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না। পরিবর্তন করলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে;

খ. কোন হিসাবধারী কর্তৃক নমিনি মনোনয়ন করা না হলে Succession সার্টিফিকেট অনুযায়ী উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণকে হিসাবের অর্থ প্রদান করা হবে;

গ. হিসাব খোলার সময় গ্রাহককে এই মর্মে একটি ঘোষণা প্রদান করতে হবে যে, এই স্কিমের নিয়মাবলী তিনি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন;

ঘ. আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাবে। তবে সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ থাকলে তা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হারে স্থানান্তর ফি ও ডাক খরচ শাখায় জমা দিতে হবে;

ঙ. এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনি/নমিনিদেরকে বা উত্তরাধিকার/উত্তরাধিকারীগণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না।;

চ. হিসাবধারীর মৃত্যুর পর নমিনি কর্তৃক মেয়াদপূর্তী পর্যন্ত কিস্তির অর্থ জমা দেয়া যাবে তবে নমিনি কর্তৃক নতুন করে অভিন্ন হিসাব খোলার ফরম পূরণ পূর্বক নতুন নমিনি নির্বাচনসহ আমানত স্কীমটি নমিনির নামে পরিবর্তন করে নিতে হবে। এক্ষেত্রে অভিন্ন হিসাব খোলার ফরমের অন্যান্য অংশও যথাযথভাবে পূরণ করতে হবে। উল্লেখ্য, নমিনি নাবালক হলে উপযুক্ত কোন অভিভাবকসহ যৌথভাবে হিসাবটি পরিচালনা করা যাবে;

ছ. স্কিমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/ সংযোজন সম্পূর্ন ব্যাংক এর এখতিয়ারভুক্ত থাকবে।

১২। হিসাবায়ন পদ্ধতি:

- যে সকল শাখায় CBS System চালু হয়নি অর্থাৎ যে সকল শাখা এখনও Infinity Banking Solution (IBS) সফটওয়্যার দ্বারা পরিচালিত হচ্ছে সে সকল শাখার জন্য "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" এর ম্যানুয়াল হেড/কোড হবে নিম্নরূপ:

ক্র.নং	বিবরণ	রাকাব হিসাব খাত	সিবিএস প্রক্রিয়ায় আমানত হিসাবের ক্রমিক নম্বর	সিবিএস প্রক্রিয়ায় আমানত হিসাবের কোড নম্বর
০১.	রাকাব ডিপোজিট স্কীম (RDS)	246	90100000276	9010205015000
০২.	রাকাব ডিপোজিট স্কীম (RDS) এর সুদ	133/37 (X)	90400000152	9040103001058
০৩.	রাকাব ডিপোজিট স্কীম (RDS) এর সুদ প্রভিশন	প্রযোজ্য নহে	90100000277	9010401006058

- CBS System দ্বারা পরিচালিত শাখাসমূহে CBS বাস্তবায়নের জন্য প্রণীত Chart of Accounts অনুযায়ী "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" হিসাবের জন্য নিম্নোক্তভাবে হিসাবখাত ও প্রোডাক্ট কোড ব্যবহার করতে হবে:

Name of Accounts	Account Serial	Account Number	Totalling Accounts	Product Code
রাকাব ডিপোজিট স্কীম (RDS)	90100000276	9010205015000	90100000049	320
Interest on রাকাব ডিপোজিট স্কীম (RDS)	90400000152	9040103001058	90400000083	
Interest Provision of রাকাব ডিপোজিট স্কীম (RDS)	90100000277	9010401006058	90100000091	

উল্লেখ্য, যে সকল শাখায় CBS System চালু হয়নি অর্থাৎ যে সকল শাখা এখনও Infinity Banking Solution (IBS) সফটওয়্যার দ্বারা পরিচালিত হচ্ছে সে সকল শাখায় Account Type Code ৩৮-ব্যবহার করে রাকাব ডিপোজিট স্কীম (RDS) হিসাব খোলার পরামর্শ দেয়া হলো। কোন শাখায় Account Type Code ৩৮ ফাঁকা না থাকলে আইসিটি বিভাগের সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমশ: পাতা-০৫

১৩। হিসাব খোলার ফরম ও জমা স্লিপ:

ক. হিসাব খোলার ফরম: বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট অভিন্ন হিসাব খোলার ফরমে হিসাব খুলতে হবে;
খ. জমা স্লিপ: নগদ জমার ক্ষেত্রে এ স্কিমের জন্য নির্দিষ্ট জমা স্লিপ ব্যবহার করতে হবে। রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম এর জমা স্লিপ এর আদলে জমা স্লিপ প্রস্তুত করতে হবে। শুধুমাত্র "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" লেখাটি কালো কালিতে bold হরফে লিখতে হবে। জোনাল ব্যবস্থাপকগণ নমুনা মোতাবেক জমা স্লিপ ছাপিয়ে শাখাসমূহে পর্যাপ্ত সংখ্যক সরবরাহ করবেন যাতে জমা স্লিপের স্বল্পতার কারণে "রাকাব ডিপোজিট স্কিম (RDS)" হিসাব খোলার কাজ বাধাগ্রস্ত না হয়।

১৪। ব্যাপক প্রচারনার উদ্দেশ্যে শাখাসমুহ কর্তৃক উপযুক্ত দর্শনীয় স্থানে ব্যানার ও বোর্ড স্থাপন এবং পোষ্টার ও লিফলেটের মাধ্যমে এই স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনগনকে উদ্বুদ্ধ করণের নির্দেশনা দেয়া হলো।

১৫। এমতাবস্থায়, উপরোল্লিখিত বিধি বিধান ও নির্দেশাবলীর আলোকে নতুন আঙ্গিকে এবং স্বল্প সুদে (৬%) ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত "রাকাব ডিপোজিট স্কীম (RDS)" এর আওতায় হিসাব খোলার কার্যক্রম সার্কুলার জারির তারিখ হতে কার্যকর করা হলো এবং শাখাসমূহকে যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করা হলো। নির্দেশ পালনে কোন প্রকার গাফিলতি পরিলক্ষিত হলে শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে এই স্কীমের আওতায় হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে পরিপত্রে বর্ণিত নিয়ম যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখার পরামর্শ দেয়া হলো।

১৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব মোঃ রাশেদুল ইসলাম এর সাথে (মোবাইল নম্বর-০১৭১৩৭০৬১৯৭) যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২২/০৯/২০২০

(মোঃ মহব্বত আলী বিশ্বাস)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-৮(৫৮)(/২০২০-২০২১/৫৭৫(৪৫৯)   তারিখ: ২২.০৯.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

(মোঃ রাশেদুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা